মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং ঃ উমা/পনি/বিজ্ঞপ্তি/৭২৫ তারিখ ঃ ৩০-০৯-২০১৫

উচ্চ মাধ্যমিক পরীক্ষা-২০১৬ এর প্রাইভেট পরীক্ষার্থীদের প্রাইভেট নিবন্ধন সংক্রান্ত নিয়মাবলী ঃ

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমান পরীক্ষা পাসের তিন বছর পর অর্থ্যাৎ ২০১২ এবং তৎপূর্ববর্তী বছর এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০১৬ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে। রেজিস্ট্রেশনের জন্য নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে।

(১) রেজিস্ট্রেশন নবায়ন ব্যতীত প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০১৬ সালের পাঠ্যসূচি অনুযায়ী এইচএসসি পরীক্ষা ২০১৬ এ অংশ গ্রহণ করতে হবে। বোর্ড কর্তৃক প্রণীত পরীক্ষা পরিচালনার নিয়মাবলি প্রাইভেট পরীক্ষার্থীদের বেলায়ও প্রযোজ্য হবে।

(২) প্রাইভেট পরীক্ষার্থীকে বোর্ড কর্তৃক নির্ধারিত নিম্নলিখত যে কোন একটি কলেজের মাধ্যমে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। তবে, শিক্ষক, পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি এবং শারীরিক কিংবা দৃষ্টি প্রতিবন্ধী প্রাইভেট পরীক্ষার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে না।

প্রাইভেট পরীক্ষা দেয়ার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজ সমূহের নাম নিম্নে প্রদত্ত হ'ল ঃ

০১। সাতক্ষীরা সরকারী কলেজ, সাতক্ষীরা।
০২। সরকারী পি. সি. কলেজ, বাগেরহাট।
০৩। কুষ্টিয়া সরকারী কলেজ, কুষ্টিয়া।
০৪। মেহেরপুর সরকারী কলেজ, মেহেরপুর।
০৫। চুয়াডাঙ্গা সরকারী কলেজ, চুয়াডাঙ্গা।
০৬। সরকারী সিটি কলেজ,যশোর।
০৭। ক্যান্টনমেন্ট কলেজ, যশোর। (প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত পরীক্ষার্থীদের জন্য)
০৮। বি. এ. এফ. শাহীন কলেজ, যশোর। (বিমান বাহিনীতে কর্মরত পরীক্ষার্থীদের জন্য)
০৯। সরকারী কে. সি. কলেজ, ঝিনাইদহ।
১০। সরকারী ভিক্টোরিয়া কলেজ, নড়াইল।
১১। সরকারী এইচ.এস.এস. কলেজ, মাগুরা।
১২। দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।

(৩) প্রাইভেট পরীক্ষার্থীগণ যে কলেজের মাধ্যমে নিবন্ধিত হবে সে কলেজের জন্যে নির্ধারিত কেন্দ্রে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করবে। **কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।**

(৪) প্রাইভেট পরীক্ষার্থীগণ কেবল মানবিক, ব্যবসায় শিক্ষা ও ইসলামী শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে যে সমস্ত বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে **(আইসিটি বিষয় ব্যতিত)** সে সমস্ত বিষয়/বিষয়সমূহ নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয় গ্রহণ করতে পারবে না।

(৫) বোর্ডের কোন কর্মচারী কর্মরত অবস্থায় নিজ বোর্ড থেকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেনা। তবে ইচ্ছা করলে নিজ নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে বাংলাদেশের অন্য যে কোন বোর্ড থেকে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(৬) প্রাইভেট পরীক্ষার্থীদেরকে বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষের নিকট **২৬-১০-২০১৫** তারিখের মধ্যে প্রয়োজনীয় ফিস এবং অন্যান্য দলিলাদিসহ সাদা কাগজে আবেদন করতে হবে।

(৭) প্রাইভেট পরীক্ষার্থীদের দুই কপি তালিকা এবং ১০০/- টাকা হারে তালিকাভুক্তি ফি এর সর্বমোট টাকা যে কোন সোনালী ব্যাংকের শাখা থেকে সোনালী সেবার মাধ্যমে **০১-১১-২০১৫** তারিখের মধ্যে ফরওয়াডিংসহ জমা দিতে হবে এবং তালিকা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি **১২-১১-২০১৪** তারিখের মধ্যে অনলাইনে প্রাইভেট নিবন্ধনের জন্য পরীক্ষার্থীদের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রাইভেট হিসেবে নিবন্ধিত শিক্ষার্থীদের এবং নির্বাচিত পরীক্ষার্থীদের ০১(এক) কপি করে তালিকা প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ স্ব স্ব প্রতিষ্ঠান সংরক্ষণ করবে। **১৭-১১-২০১৫** তারিখের মধ্যে উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখায় উক্ত তালিকার ০১ টি সত্যায়িত ফটোকপি কপি জমা দিতে হবে।

(৮) প্রাইভেট পরীক্ষার্থীদের মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র রেজিস্ট্রেশন প্রদানের নিমিত্তে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করে **১০-১১-২০১৫** তারিখের মধ্যে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। বিশেষভাবে উল্লেখ্য যে, **মূল নম্বরপত্র তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে দিতে হবে।**

(৯) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের সত্যায়িত মূল নম্বরপত্র দাখিল করতে হবে। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মুল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে। কোনক্রমেই মাধ্যমিক পরীক্ষা বা সমমানের কোন সনদপত্র গ্রহণ করা হবে না।

(১০) যে সকল পরীক্ষার্থী কারিগরি শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্বাবিদ্যালয় থেকে এসএসসি সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

(১১) যে সকল পরীক্ষার্থী ১৯৯৯ সালের পূর্বে মাদরাসা শিক্ষা বোর্ড থেকে এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় থাকতে হবে।

(১২) যে সকল পরীক্ষার্থী ২০১৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১২ বা তৎপূর্ববর্তী বছরের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র পূরণকৃত তালিকার সাথে জমা দিতে হবে।

(১৩) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচারণ কাঙ্খিত পরীক্ষার অন্ততপক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিলনা এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভূয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

(১৪) প্রার্থীর সম্প্রতিকালে উঠানো ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখভাগে নিজের নাম স্বাক্ষর করতে হবে এবং তা সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত করে আইকা আঠা দিয়ে আবেদন ফরমে আটকিয়ে দিতে হবে।

(১৫) শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ের চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত ০৩(তিন) বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

(১৬) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে ০১(এক) বছর যাবত সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

(১৭) কোন শারীরিক প্রতিবন্ধী কিংবা দৃষ্টি প্রতিবন্ধী পরীক্ষার্থী শ্রুতিলেখক (স্ক্রাইব) সঙ্গে নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে চাইলে পরীক্ষা পরিচালনা নীতিমালা মোতাবেক ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে দশম শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীকে শ্রুতিলেখক (স্ক্রাইব) নিযুক্ত করতে হবে।

(১৮) **৩০-১১-২০১৫** তারিখের মধ্যে নিবন্ধনকৃত পরীক্ষার্থীদের সকল তথ্য যাচাই করে সংশোধন করতে হবে।

(১৯) **১০-১২-২০১৫** তারিখ হতে প্রাইভেট পরীক্ষার্থীদের নিবন্ধন কার্ড উচ্চ মাধ্যমিক শাখা হতে গ্রহণ করতে হবে।

(২০) প্রাইভেট পরীক্ষার্থীদেরকে নির্বাচনী (Test) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। **তাদেরকে আবশ্যিক বিষয় বাংলা ও ইংরেজি, আইসিটিসহ অন্য যে কোন তিনটি নৈর্বাচনিক বিষয়ে পরীক্ষা দিতে হবে**। প্রত্যেক পত্রের পূর্ণমান ১০০ এবং সময় ৩ ঘন্টা হবে।

(২১) প্রাইভেট পরীক্ষার্থীদেরকে পরীক্ষার পূর্বে বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত কলেজের মাধ্যমে রেজিষ্ট্রেশন করতে হবে। উক্ত রেজিষ্টেশন শুধু ০১(এক) বছরের জন্য বলবৎ থাকবে।

(২২) প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভূত বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

(২৩) প্রাইভেট পরীক্ষার্থীদেরকে ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার বিজ্ঞপ্তি মোতাবেক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট পরীক্ষার ফি জমা দিতে হবে।

(২৪) নির্বাচিত প্রাইভেট পরীক্ষার্থীগণ বোর্ডের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী মেনে চলতে বাধ্য থাকবে। কোন কারণ না দেখিয়ে যে কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বাতিল করার ক্ষমতা অত্র বোর্ড সংরক্ষন করে।

৩০.৯.২০১৫

(মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর
ফোন-০৪২১-৬৮৬৬৬

স্মারক নং ঃ উমা/পনি/বিজ্ঞপ্তি/৭২৫/(৪) **তারিখ** ঃ ৩০-০৯-২০১৫

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হ'ল ঃ

০১। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীর/যশোর/নড়াইল/মাগুরা/ঝিনাইদহ/চুয়াডাঙ্গা/কুষ্টিয়া/মেহেরপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার (অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা)।
০৩। অধ্যক্ষ অত্র বোর্ডের আওতাধীন সকল কলেজ।
০৪। সংরক্ষিত কপি।

৩০/০৯/'১৫
(সমীর কুমার কুন্ডু)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,
যশোর
ফোন-০৪২১-৬৮৬৬৮